গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
এ/৪, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬।

নং -৪১.০২.০০০০.০০৬.০০.০২০.২০২৪- ৫৭০(২)

১৬ আষাঢ় ১৪৩১
৩০ জুন ২০২৪

**বিষয় : ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে চুক্তিপত্র সম্পাদন।**

সূত্র : সমাজকল্যাণ মন্ত্রণালয়ের পত্র নং- ৪১.০০.০০০০.০১৬.২৩.০১১.২৪-৬৯, তারিখ : ২৫-০৬-২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) চুক্তি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাথে ৩০ জুন ২০২৪ তারিখ স্বাক্ষরিত হয়েছে। উক্ত চুক্তিপত্রের লক্ষ্যমাত্রা অর্জন করার লক্ষ্যে ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, ৪৫টি মোবাইল থেরাপি ভ্যান কার্যক্রম এবং সহায়ক উপকরণ বিতরণের নির্দেশনা রয়েছে :

০২। উপজেলা সদরে অবস্থিত (খাগড়াছড়ি, বান্দরবান ও রাঙ্গামাটি জেলাসহ) মোট **৩৯টি** প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে প্রতিটি কেন্দ্রের লক্ষ্যমাত্রা অর্জনের সূচকসমূহ নিম্নরুপ :

| ক্রমিক | সূচক /কার্যক্রম | লক্ষ্যমাত্রা ২০২৪-২০২৫ | | | মোট/ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | প্রতিদিন | প্রতিমাসে গড়ে | বছরে গড়ে | |
| ১. | প্রতিবন্ধী ব্যক্তিদের থেরাপি সেবা প্রদান | ৩৮টি | ৮৩৬টি | ১০০৩২টি | উপজেলা সদরে ৩৯টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থবছরে প্রদত্ত সেবা সংখ্যা হবে মোট =৩৯*১০০৩২= ৩,৯১,২৪৮টি |
| ২. | মোবাইল থেরাপি ভ্যানের মাধ্যমে থেরাপি সেবা প্রদান | - | - | - | - |
| ৩. | সহায়ক উপকরণ বিতরণ | - | ৪ | ৪৮টি | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থবছরে প্রদত্ত সহায়ক উপকরণ বিতরণ সংখ্যা হবে মোট = ৩৯*৪৮= ১৮৭২টি। |

০৩। এমতাবস্থায়, ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা নির্ধারণ অনুযায়ী প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন করার নিমিত্ত প্রেরিত চুক্তিপত্র ০১ জুলাই ২০২৪ তারিখ স্বাক্ষরপূর্বক অত্র দপ্তরে প্রেরণ ই-মেইল (jpuf38@yahoo.com) অথবা সরাসরি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে--০৯--- পাতা।

৩০.৬.২৪
**(মো: রুহুল আমিন খান)**
(অতিরিক্ত সচিব)
ব্যবস্থাপনা পরিচালক
☎ ৮০৩৫০৫

**বিতরণ: (কার্যার্থে প্রেরণ করা হলো):**

১. **প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা /কনসালট্যান্ট** (ফিজিওথেরাপি), **প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র-(৩৯টি)** ভালুকা, ভৈরব, সিংগাইর, মোড়েলগঞ্জ, ফুলবাড়ি, চুনারুঘাট, বরুড়া, টুঙ্গিপাড়া, রুপসা, রাঙ্গুনিয়া, মাধবপুর, কাপাসিয়া, হালুয়াঘাট, মনোহরগঞ্জ, হাতিয়া, মোহনগঞ্জ, ভুরুঙ্গামারী, নলছিটি, মঠবাড়িয়া, আখাউড়া, ভাঙ্গা, পাথরঘাটা, ঘোড়াঘাট, রাজনগর, ধামরাই, মধুপুর, ফরিদগঞ্জ, টেকনাফ, পিরগঞ্জ, বিশ্বনাথ, আত্রাই, দেবীগঞ্জ, হরিপুর, রাজৈর, বাঘা, শৈলকুপা এবং খাগড়াছড়ি, বান্দরবান ও রাঙ্গামাটি জেলাসহ ) ।

**অনুলিপি ( জ্ঞাতার্থে) :**

১.পরিচালক (সকল), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।
২. উপপরিচালক (সকল), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।
৩.সহকারী পরিচালক(সকল), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।
৪. প্রোগ্রামার , জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।(পত্রটি ফাউন্ডেশনের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করা হলো)।
৫. প্রশাসনিক কর্মকর্তা/ ব্যক্তিগত কর্মকর্তা (সকল), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।
৬. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র

এবং

# ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি
# ২০২৪ -২০২৫

১ জুলাই, ২০২৪ - ৩০ জুন ২০২৫



মোঃ আবু হানিফ বেপারী
প্রশাসনিক কর্মকর্তা
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

মোহাম্মদ মফিজুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

এস.এম. জাহিদুল হাসান
উপপরিচালক (প্রশাসন, অর্থ ও অডিট)

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর বার্ষিক কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের আওতায় ৬৪টি জেলায় এবং ৩৯টি উপজেলায় ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে ৪.৮৫ লক্ষ প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা শিশু ও ব্যক্তিকে প্রায় ৪৯ লক্ষ টি থেরাপি সেবা বিনামূল্যে প্রদান করা হয়েছে। ৪৫টি মোবাইল থেরাপি ভ্যানের মাধ্যমে (One stop service) দেশের প্রত্যন্ত অঞ্চলের প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা ৮১ হাজার ব্যক্তিকে ৩,৯৯,৫০৪টি থেরাপি সেবা বিনামূল্যে প্রদান করা হয়েছে। সেবা কেন্দ্র এবং মোবাইল ভ্যানে সেবা প্রত্যাশি ব্যক্তিবর্গের মধ্যে যাচাই-বাছাই সাপেক্ষে ৩৪,৬১০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে ২৩,৫০০টি হুইল চেয়ার, ২,৫০০টি ট্রাই-সাইকেল, ৭,৯০০টি স্মার্ট সাদাছড়ি এবং ৭১০টি হিয়ারিং এইড (শ্রবণযন্ত্র) সহ মোট ৩৪,৬১০টি সহায়ক উপকরণ বিনামূল্যে প্রদান করা হয়েছে। দেশের ৭৫টি বেসরকারি বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ের ৯৪৯ জন শিক্ষক-কর্মচারীর ১০০% বেতন ভাতাদি প্রদান করা হচ্ছে। উক্ত বিদ্যালয়সমূহের আওতায় ১১,৫০০ জন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীকে বিশেষ শিক্ষা প্রদান কার্যক্রমের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ ও উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টির দ্বারা সমাজের মূলস্রোতধারায় সম্পৃক্ত করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ১২টি স্পেশাল স্কুল ফর চিলড্রেন উইথ অটিজম স্কুলের কার্যক্রম চলমান আছে। কর্মজীবনে প্রবেশগম্যতার সুযোগ সৃষ্টি ও নিরাপদে বসবাস সুবিধার লক্ষ্যে প্রতিবন্ধী কর্মজীবী হোস্টেলে ২৫ জন পুরুষ ও ২০জন মহিলা প্রতিবন্ধী ব্যক্তির আবাসনের ব্যবস্থা করা হয়েছে।

অটিজম রিসোর্স সেন্টারের মাধ্যমে প্রায় ১৩,৮৪২ জন অটিজম বৈশিষ্টসম্পন্ন শিশু ও ব্যক্তিকে স্ক্রিনিং পরবর্তী এ্যাসেসমেন্ট-এর মাধ্যমে প্রতিবন্ধিতা চিহ্নিত করে সাইকো-সোশ্যাল কাউন্সেলিং সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়নে প্রতিবন্ধিতা কার্যক্রমে সংশ্লিষ্ট প্রত্যন্ত অঞ্চলের ২৬৯টি বেসরকারি সংগঠনকে প্রায় ১ কোটি ৫২ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে। ৪০০জন মেধাবী দৃষ্টি প্রতিবন্ধী ও ১৩০ জন মেধাবী বাক ও শ্রবণ প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীকে ২৭.৫৫ লক্ষ টাকা বিকাশের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। এছাড়া, ২০ জন সফল প্রতিবন্ধী ব্যক্তিকে, প্রতিবন্ধিতা উত্তরণে কাজ করেন এমন ব্যক্তি ৬ জনকে, প্রতিবন্ধিতা উত্তরণে কাজ করে এমন প্রতিষ্ঠান ৬টিকে, প্রতিবন্ধীদের সফল পিতামাতা ৪জনকে এবং সফল কেয়ার গিভারসহ মোট ৩৬ জনকে ৬ লক্ষ টাকা নগদ অর্থসহ সম্মাননা প্রদান করা হয়েছে।

ঢাকা জেলার সাভারে বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের জন্য প্রতিবন্ধী ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ কার্যক্রম চলমান আছে। এছাড়া, প্রতিবন্ধী শিশু নিবাসে ৪৩ জন অসহায় পিতৃমাতৃহীন প্রতিবন্ধী শিশুদের পুনর্বাসন, লালন-পালন করা হচ্ছে। জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন আইন, ২০২৩ মহান জাতীয় সংসদে পাস করা হয়।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান চ্যালেঞ্জ হচ্ছে সুবিধাভোগীদের একটি কেন্দ্রীয় ডিজিটাল তথ্যভাণ্ডারের আওতায় আনয়ন এবং ই-সার্ভিসের মাধ্যমে স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ের মধ্যে দক্ষতা ও স্বচ্ছতার মাধ্যমে সুবিধাভোগীদের দোরগোড়ায় কাঙ্ক্ষিত মানের সেবা পৌঁছে দেয়া একটি বড় চ্যালেঞ্জ।

মোঃ আবু হানিফ বেপারী
প্রশাসনিক কর্মকর্তা
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

মোহাম্মদ মফিজুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

উপপরিচালক (প্রশাসন, অর্থ ও অডিট)

**ভবিষ্যৎ পরিকল্পনা**

সেবা দানে শুদ্ধাচারের অনুশীলন নিশ্চিতকরণ, সেবাদানে নতুন ইনোভেশনকে উৎসাহিত প্রদান এবং সেবা প্রদান পদ্ধতিকে ২০২৫ সালের মধ্যে ডিজিটালাইজেশন করা হবে। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র উপজেলা পর্যায় পর্যন্ত সম্প্রসারণ করা হবে। প্রত্যন্ত অঞ্চলের প্রতিবন্ধী জনগোষ্ঠীকে বিনামূল্যে ফিজিওথেরাপি, অকুপেশনাল থেরাপি, হিয়ারিং টেস্ট, ভিজুয়্যাল টেস্ট, কাউন্সেলিং, প্রশিক্ষণ, সহায়ক উপকরণ ইত্যাদি সেবা প্রদানের লক্ষ্যে ৪৫টি ভ্রাম্যমান থেরাপি ভ্যানের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের দোরগোড়ায় সেবা পৌছে দেয়া ।

**২০২৪-২০২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :**

- প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিকে ১২.৬০ লক্ষ টি থেরাপি সেবা প্রদান ;
- মোবাইল রিহ্যাবিলিটেশন ভ্যানের মাধ্যমে ১.২০ লক্ষ টি থেরাপি সেবা প্রদান ;
- অটিজম রিসোর্স সেন্টারের মাধ্যমে ৪,০০০ জন অটিজম ও প্রতিবন্ধী শিশুর অভিভাবকদেরকে অটিজম ও স্নায়ুবিক প্রতিবন্ধিতা বিষয়ক প্রশিক্ষণ, এ ধরণের শিশুর জীবনমান উন্নয়নে পরামর্শ ও সেবা প্রদান ;
- প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে সেবা কেন্দ্র এবং মোবাইল ভ্যানে সেবা প্রত্যাশি প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে সহায়ক উপকরণসমূহ (৫১০০টি হুইল চেয়ার, ১৬০০টি ট্রাইসাইকেল, ১২০০টি স্মার্ট সাদাছড়ি, ৫০০টি কর্নার চেয়ার ও ২৪০টি ফোল্ডিং ওয়াকিং ফ্রেম, ইত্যাদি) মোট ৮,৫০০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে বিনামূল্যে সহায়ক উপকরণ বিতরণ করা ;
- বেসরকারি বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ের মাধ্যমে ১১,৫০০ জন প্রতিবন্ধী শিশুকে বিশেষ শিক্ষা প্রদান ;
- জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন আইন, ২০২৩ এর বিধিমালা, প্রবিধিমালা এবং নিয়োগ-বিধিমালা প্রণয়ন করা ।



মোঃ আবু হানিফ বেপারী
প্রশাসনিক কর্মকর্তা
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

মোহাম্মদ মফিজুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

এস.এম. জাহিদুল হাসান
উপপরিচালক (প্রশাসন, অর্থ ও অডিট)

## প্রস্তাবনা ( Preamble):

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রুপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

### প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র

এবং

ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে

২০২৪ সালের জুলাই মাসের ০১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়ে সম্মত হলেন:

মোঃ আবু হানিফ বেপারী
প্রশাসনিক কর্মকর্তা
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

মোহাম্মদ মফিজুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

এস.এম. জাহিদুল হাসান
উপপরিচালক (প্রশাসন, অর্থ ও অডিট)

## সেকশন ১

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর **রূপকল্প , অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি :**

### ১.১ রূপকল্প (Vision):

বাংলাদেশের সকল ধরণের প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়ন ও তাদের স্বার্থ সুরক্ষা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

- আন্তর্জাতিক উদ্যোগ ও সেবা মানের আলোকে এবং জাতিসংঘ ঘোষিত UNCRPD, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর আলোকে বাংলাদেশের সকল ধরণের প্রতিবন্ধী জনগোষ্ঠীর স্বাভাবিক জীবন ধারণ, সমমর্যাদা, অধিকার, থেরাপি সেবা ও পুনর্বাসনে সহায়তাসহ পূর্ণ অংশগ্রহণ এবং একীভূত সমাজ ব্যবস্থা নিশ্চিতকরণ।
- প্রতিবন্ধী জনগোষ্ঠীকে সমাজের মূল স্রোতধারায় সম্পৃক্ত করার জন্য সামাজিক সচেতনতা ও আইনের শাসন প্রতিষ্ঠার মাধ্যমে দেশের সার্বিক উন্নয়ন সাধন।
- প্রতিবন্ধিতা বিষয়ক যাবতীয় কার্যক্রমের সমন্বয় সাধন এবং জাতীয় পর্যায়ে নীতি নির্ধারণ ও নীতি বাস্তবায়ন বিষয়ে কার্যকর ভূমিকা পালন।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর / সংস্থার কার্যসম্পাদনের ক্ষেত্র

১. প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়ন
২. প্রতিবন্ধী শিশুদের বিশেষ শিক্ষা ও আর্থিক প্রণোদনা প্রদান
৩. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি
৪. প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. **সংস্কার** ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি ( Functions)

১. প্রতিবন্ধিতা সংক্রান্ত নীতি প্রণয়ন ও বাস্তবায়ন;
২. দেশের প্রতিবন্ধী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন;
৩. দেশের সকল প্রতিবন্ধী ও ঝুকিপূর্ণ প্রতিবন্ধী ব্যক্তিদেরকে সেবা ও সহায়তা প্রদান ;
৪. প্রতিবন্ধী বিষয়ক স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহকে সহযোগিতাকরণ;
৫. প্রতিবন্ধী শিশুদের প্রাতিষ্ঠানিক শিক্ষা প্রদান ;
৬. সুবিধাবঞ্চিত প্রতিবন্ধী শিশুদের প্রতিপালন, শিক্ষণ, প্রশিক্ষণ ও পুনর্বাসন;
৭. প্রতিবন্ধী বিষয়ক কার্যাবলীর সমন্বয় সাধন;

মোঃ আবু হানিফ বেপারী
প্রশাসনিক কর্মকর্তা
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

মোহাম্মদ মফিজুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

এস.এম. জাহিদুল হাসান
উপপরিচালক (প্রশাসন, অর্থ ও অডিট)

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল / প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় / বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে থেরাপি সেবা প্রদানের ফলে প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা ব্যক্তিগণ অধিকতর জীবনধারায় ফিরে আসতে পারছেন। | প্রদত্ত সেবা সংখ্যা | সহস্র | ১২,১৩৫ (গড়) | ১২,৭৯৬ (গড়) | ১২,৫০০ | ১২৮৫০ | ১৩০০০ | সমাজকল্যাণ মন্ত্রণালয়, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | অর্থমন্ত্রণালয়ের ধারণা পত্রের আলোকে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত কর্মসূচি। |
| মোবাইল থেরাপি ভ্যানের মাধ্যমে থেরাপি সেবা প্রদানের ফলে প্রত্যন্ত অঞ্চলের প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা ব্যক্তিগণ অধিকতর জীবনধারায় ফিরে আসতে পারছেন। | প্রদত্ত সেবা সংখ্যা | সহস্র | ২৬৬৩ (গড়) | ২৫২৩ (গড়) | ২৯০০ | ২৭৫০ | ২৮০০ | সমাজকল্যাণ মন্ত্রণালয়, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | বিশ্বব্যাংক প্রকল্পের আওতায় চালুকৃত যা বর্তমানে সরকারি অর্থায়নে পরিচালিত। |
| প্রতিবন্ধী ব্যক্তিদের বিনামূল্যে সহায়ক উপকরণ প্রদানের ফলে প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা ব্যক্তিগণের চলাচল সুগম হচ্ছে। | সুবিধাভোগী | সংখ্যা | ৮৩ (গড়) | ৮৩ (গড়) | ৮৫ | ৮৬ | ৮৮ | সমাজকল্যাণ মন্ত্রণালয়, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | কর্মসূচির আওতায় সরকারি অর্থায়নে ক্রয় করা হয়। |
| স্পেশাল স্কুল ফর চিলড্রেন উইথ অটিজম কার্যক্রম পরিচালনা | সুবিধাভোগী শিক্ষার্থী | সংখ্যা | ১৩ (গড়) | ১৪ (গড়) | ১৪ | ১৫ | ১৬ | সমাজকল্যাণ মন্ত্রণালয়, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, স্পেশাল স্কুল ফর চিলড্রেন উইথ অটিজম | প্রতিবন্ধিতা সম্পর্কিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯ এর আলোকে পরিচালিত হচ্ছে। |

মোঃ আবু হানিফ বেপারী
প্রশাসনিক কর্মকর্তা
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

মোহাম্মদ মফিজুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

এস.এম. জাহিদুল হাসান
উপপরিচালক (প্রশাসন, অর্থ ও অডিট)

## সেকশন ৩

## কর্মসম্পাদন পরিকল্পনা

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মধ্যে ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) :

**(মোট নম্বর-৭০)**

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা / নির্ণায়ক ২০২৪-২০২৫ | | | | | প্রক্ষেপন ২০২৫-২০২৬ | প্রক্ষেপন ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১. প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়ন | ৫০ | [১.১] প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে থেরাপি সেবা প্রদান | [১.১.১] প্রদত্ত সেবা সংখ্যা | ক্রম পুঞ্জিভূত | সহস্র | ২০ | ১২,১৩৫ (গড়) | ১২,৭৯৬ (গড়) | ১২৮০০ | ১১৫২০ | ১০,২৪০ | ৮৯৬০ | ৭৬৮০ | ১২৮৫০ | ১৩০০০ |
| | | [১.২] প্রতিবন্ধী ব্যক্তিদের মোবাইল থেরাপি ভ্যানের মাধ্যমে থেরাপি সেবা প্রদান | [১.২.১] প্রদত্ত সেবা সংখ্যা | ক্রম পুঞ্জিভূত | সহস্র | ২০ | ২৬৬৩ (গড়) | ২৫২৩ (গড়) | ২৬৫০ | ২৩৮৫ | ২১২০ | ১৮৫৫ | ১৫৯০ | ২৭৫০ | ২৮০০ |
| | | [১.৩] প্রতিবন্ধী ব্যক্তিদের বিনামূল্যে সহায়ক উপকরণ প্রদান | [১.৩.১] সুবিধাভোগী | সমস্টি | সংখ্যা | ১০ | ৮৩ (গড়) | ৮৩ (গড়) | ৮৫ | ৭৭ | ৬৮ | ৬০ | ৫১ | ৮৬ | ৮৮ |
| ২. প্রতিবন্ধী শিশুদের বিশেষ শিক্ষা প্রদান | ২০ | [২.১] স্পেশাল স্কুল ফর চিলড্রেন উইথ অটিজম কার্যক্রম | [২.২.১] সুবিধাভোগী শিক্ষার্থী | ক্রম পুঞ্জিভূত | সংখ্যা | ২০ | ১৩ (গড়) | ১৪ (গড়) | ১৪ | ১৩ | ১২ | ১০ | ৯ | ১৫ | ১৬ |

মোঃ আবু হানিফ বেপারী
প্রশাসনিক কর্মকর্তা
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

মোহাম্মদ মফিজুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

এস.এম. জাহিদুল হাসান
উপপরিচালক (প্রশাসন, অর্থ ও অডিট)

## সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**(মোট নম্বর-৩০)**

| কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ | ক্ষেত্র সমূহের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা / নির্ণায়ক ২০২৪-২০২৫ | | | | | প্রক্ষেপন ২০২৫-২০২৬ | প্রক্ষেপন ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| (১) সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমস্টি | % | ১০ | ৯০ | ৯০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ২) ই-গভর্ন্যান্স / উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স / উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমস্টি | % | ১০ | ৯০ | ৯০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমস্টি | % | ৩ | ৯০ | ৯০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমস্টি | % | ৪ | ৯০ | ৯০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমস্টি | % | ৩ | ৯০ | ৯০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

মোঃ আবু হানিফ বেপারী
প্রশাসনিক কর্মকর্তা
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

মোহাম্মদ মফিজুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

এস.এম. জাহিদুল হাসান
উপপরিচালক (প্রশাসন, অর্থ ও অডিট)

আমি, প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিববন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর নিকট অঙ্গিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন অঙ্গিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবো।

স্বাক্ষরিত:

..............................................
প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা
প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, ---------

..................................
তারিখ

..............................................
ব্যবস্থাপনা পরিচালক
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

মোঃ ফজলুল আমিন খান
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়

৩০.৬.২৪
..................................
তারিখ